

পত্র সংখ্যাঃ ৩৩.০০.০০০০.১০৯.১৯.০০৫.১৯.৫৯৭

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬
১৪ জুলাই ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।


জনাব,

দেশের অভ্যন্তরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনায় পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাদের অনুকূলে বর্ণিত সময়ের জন্য নির্দেশক্রমে প্রেষণ মঞ্জুরী জ্ঞাপন করা হলোঃ

ক্রমিক	নাম, পদবি ও কর্মস্থল	অর্থায়নকারী সংস্থার নাম	প্রেষণের মেয়াদ ও বিশ্ববিদ্যালয়ের নাম
(১)	জনাব ফনিন্দ্র চন্দ্র সরকার, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রামঃ ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২)।	০১ জুলাই ২০১৯ অথবা কোর্স শুরুর তারিখ হতে ০৩ (তিন) বছর। বিশ্ববিদ্যালয়ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
(২)	জনাব মোসাঃ শামীমা ইয়াসমিন, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রামঃ ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২)।	০১ জুলাই ২০১৯ অথবা কোর্স শুরুর তারিখ হতে ০৩ (তিন) বছর। বিশ্ববিদ্যালয়ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
(৩)	জনাব অসীম কুমার ঘোষ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রামঃ ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২)।	০১ জুলাই ২০১৯ অথবা কোর্স শুরুর তারিখ হতে ০৩ (তিন) বছর। বিশ্ববিদ্যালয়ঃ খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

২। শর্তাবলীঃ

- বর্ণিত কর্মকর্তাগণ পিএইচডি কোর্সে অধ্যয়নের সময় কর্মরত বলে বিবেচিত হবেন এবং প্রেষণ অনুমোদিত সময়ের জন্য তাঁরা সরকারী বিধি মোতাবেক বেতন ও ভাতাদি পাবেন।
 - পিএইচডি কোর্স শুরু হওয়ার ১৫ দিনের মধ্যে শুরুর তারিখ মন্ত্রণালয়কে জানাতে হবে।
 - যথাসময়ে পিএইচডি কোর্স সম্পন্ন করতে হবে।
 - অনুমোদিত প্রেষণ ভোগ শেষে তাঁরা যথাসময়ে মন্ত্রণালয়ে যোগদান করবেন।
 - পিএইচডি কোর্স শেষে গবেষণার অভিসন্দর্ভের কপি ও সনদপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
 - বর্ণিত কর্মকর্তাগণ প্রেষণকালীন মৎস্য অধিদপ্তরের রিজার্ভ পদে ন্যস্ত বলে গণ্য হবেন।
- ৩। এ মন্ত্রণালয়ের গত ২৫ জুন, ২০১৯ তারিখে জারিকৃত ৩৩.০০.০০০০.১০৯.১৯.০০৫.১৯.৫৫৬ সংখ্যক স্মারকে বর্ণিত জনাব এস, এম, আবুল বাসার, সহকারী পরিচালক, বাংলাদেশ মেরিন ফিশারিজ ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্প, মৎস্য অধিদপ্তর, ঢাকাকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-এ পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত তাঁর জন্য প্রযোজ্য অংশ এতদ্বারা বাতিল করা হলো।
- ৪। এতে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(মোঃ শফিকুল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০৪০৭।


ই-মেইল: administration-3@mofl.gov.bd

পত্র সংখ্যাঃ ৩৩.০০.০০০০.১০৯.১৯.০০৫.১৯.৫৯৭.১(১৩)

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬
১৪ জুলাই ২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপসচিব (মৎস্য-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। কোর্স সুপারভাইজার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
- ৭। পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
- ৮। পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২), পিআইইউ, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ৯। জনাব এস, এম, আবুল বাসার, সহকারী পরিচালক, বাংলাদেশ মেরিন ফিশারিজ ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্প, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ১০। জনাব অসীম কুমার ঘোষ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
- ১১। জনাব ফনিন্দ্র চন্দ্র সরকার, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ১২। জনাব মোসাঃ শামীমা ইয়াসমিন, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ শফিকুল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০৪০৭।